Simlapal Police Station Dist.-Bankura

N.B.P.FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

2763

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C.,at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Khatra P.S Simlapal Year 2023 FIR No. 118/23 Date 27.07.2023
2. (i) Act I.P.C. Sections 498A/506/34 (ii) Act x Sections x
   (iii) Act x Sections x Other Acts & Sections 3/4 D.P. Act.
3. (a) General Diary Reference : Entry No. 1243 dt 27.07.2023 Time 12.15 hrs.
   (b) Occurrence of Offence : Day Since after marriage to Date 15.11- 26.07.23 Time 09.00 hrs.
   (c) Information Received Date On 27.07.2023 Time 12.15 hrs.
   G.D. No. 1243 dt 27.07.2023 At the Police Station:
4. Type of information : Written / ~~Oral~~ Type written.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Approx 15 kms. west from P.S.
   (a) Address Vill + P.O - Parsola P.S - Simlapal Dist - Bankura J.L No. 13 G.P. No - VII (Parsola)
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. x
   District x
6. Complaint/Informant :
   (a) Name Mallika Sardar
   (b) Father's / Husband's Name W/O Ajoy Sardar
   (c) Date / Year of Birth Not noted.
   (d) Nationality Indian
   (e) Address Vill - Nimdiha P.O - Shyambazar, P.S Khatra, A/P Vill & P.O Parsola P.S - Simlapal Dist Bankura.
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (Attach separate sheet, if necessary) ① Ajoy Sardar (husband) ② Laxman Sardar ③ Swapan Sardar ④ Sanjoy Sardar all S/O Lt. Matuk Sardar ⑤ Sumitra Sardar S/O Laxman Sardar ⑥ Mayna Sardar W/O Swapan Sardar ⑦ Mamata Sardar W/O Sanjoy Sardar all of Vill - Nimdiha P.O - Shyambazar P.S Khatra Dist Bankura ⑧ Kajal Sardar W/O Mahadev Sardar and ⑨ Mahadev Sardar both of Pidrabakra P.O - Shyambazar P.S Khatra.
8. Reasons for delay in reporting by complaint / informant
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) :
10. Total value of Properties stolen / Involved : x
11. Inquest report / U.D. : Case No., If any : x
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original type written complaint which is treated as F.I.R is attached herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/506/34 I.P.C. and R/W 3/4 D.P. Act. S.I Santosh Mandal of Simlapal P.S. O.C here by registered the case ~~and took up the investigation~~ / directed A.S.I. Shyamal Nandi of Simlapal P.S. to take up the investigation ~~transferred to P.S.~~ ~~On point of juris~~diction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Mallika Sardar

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

[signature] 27/7/2023

Signature of the officer-incharge, Police Station with
Name : Santosh Mandal
Rank : S.I. of Police
Number if any : Simlapal P.S.

INSPECTOR-IN-CHARGE
SIMLAPAL POLICE STATION
DIST.-BANKURA

To,
The I. C., Simlapal P.S.,
Dist.-Bankura

মাননীয় মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতী মল্লিকা সর্দ্দার স্বামী শ্রী অজয় সর্দ্দার গ্রাম - নিমডিহা, পোষ্ট - শ্যামবাজার, থানা - খাতড়া, জেলা - বাঁকুড়ার বাসিন্দা। বর্ত্তমানে আমি আমার বাবার বাড়ী অর্থাৎ গ্রাম - পার্শ্বলা, পোষ্ট - পার্শ্বলা, থানা - সিমলাপাল, জেলা - বাঁকুড়ায় বসবাস করিতেছি। গত ইংরেজি ০৪/০৫/২০১৫ তারিখ হিন্দু রীতি নীতি অনুসারে আমার বাবার বাড়ীতে আমার বিবাহ হয় শ্রী অজয় সর্দ্দার পিতা ৺মটুক সর্দ্দার গ্রাম - নিমডিহা, পোষ্ট - শ্যামবাজার, থানা - খাতড়া, জেলা - বাঁকুড়া এর সহিত। আমার বিবাহের সময় আমার স্বামী অজয় সর্দ্দার এর দাবী মতো আমার বাবা নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং দানসামগ্রী হিসাবে পিতলের ঘটি, পিতলের বাটি, কাঁসার থালা, কাঁসার গ্লাস, পিতলের গইরা, পিতলের বালতি, পিতলের গামলা ইত্যাদি আমার স্বামীর হাতে তুলে দিতে বাধ্য হন। বিয়ের দিন আমার স্বামী আমার বাবার কাছ থেকে সোনার কানের দুল দাবী করে কিন্তু তখন আমার বাবা তা দিতে পারেননি। এরপর আমার স্বামী বিভিন্ন সময় আমার বাবার কাছ থেকে সোনার কানের দুল এবং নগদ টাকা আনার জন্য আমার উপর চাপ সৃষ্টি করত। আমার বাবা দুল বা টাকা দিতে না পারলে আমার স্বামী আমার উপর শারীরিক এবং মানসিক নির্যাতন করত। সে কারনে আমার বাবা বাধ্য হয়ে বিভিন্ন সময় কিছু কিছু টাকা পয়সা আমার স্বামীকে দিয়ে তাহাকে সন্তুষ্ট করতেন, যাতে আমার উপর কোনরূপ অত্যাচার না হয় এবং আমি সুখে শান্তিতে সংসার করতে পারো। এইভাবে আমি সংসার করা কালীন আমার দুইটি পুত্র সন্তান হয় যাদের বর্ত্তমান বয়স যথাক্রমে প্রায় ৭ বৎসর এবং ৫ বৎসর। এরপর আমার স্বামী এই বৎসর চাষের সময় গরু কিনতে হবে বলে আমাকে আমার বাবার কাছ থেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নিয়ে আসার জন্য বলে। কিন্তু আমার বাবা আমার স্বামীর দাবী মতো উক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আমার স্বামীকে দিতে না পারার কারনে গত ইংরেজি ২৩-০৭-২০২৩ তারিখ আনুমানিক দুপুর ২.৩০ মিনিট নাগাদ আমার স্বামী অজয় সর্দ্দার পিতা ৺মটুক সর্দ্দার, আমার স্বামীর বড়দাদা লক্ষণ সর্দ্দার পিতা ৺মটুক সর্দ্দার, আমার স্বামীর মেজদাদা স্বপন সর্দ্দার পিতা ৺মটুক সর্দ্দার, আমার স্বামীর সেজদাদা সঞ্জয় সর্দ্দার পিতা ৺মটুক সর্দ্দার, আমার স্বামীর বৌদী সুমিত্রা সর্দ্দার স্বামী লক্ষণ সর্দ্দার, আমার স্বামীর মেজবৌদী ময়না সর্দ্দার স্বামী স্বপন সর্দ্দার, আমার স্বামীর সেজবৌদী মমতা সর্দ্দার স্বামী সঞ্জয় সর্দ্দার সকলের গ্রাম - নিমডিহা, পোষ্ট - শ্যামবাজার, থানা - খাতড়া, জেলা - বাঁকুড়া, আমার স্বামীর দিদি কাজল সর্দ্দার স্বামী মহাদেব সর্দ্দার, আমার স্বামীর ভগ্নীপতি মহাদেব সর্দ্দার উভয়ের গ্রাম - পিড়রাবাকড়া, পোষ্ট - শ্যামবাজার, থানা - খাতড়া, জেলা - বাঁকুড়া এরা সকলে মিলে আমাকে তাদের বাড়ির একটি রুমে আটক করে সকলে মিলে চড় থাপ্পড় মারে এবং প্রাণ নাশের হুমকী দেয় এবং আমার স্বামী আমাকে ঝাপটে ধরে এবং বাকীরা আমাকে প্রাণে মারার উদ্দেশ্যে লাঠি, দড়ি ইত্যাদি আনতে গেলে আমি কোন রকমে তাদের বাড়ী থেকে বেরিয়ে আমার বাবাকে খবর দি এবং লুকিয়ে থাকি। এরপর আমার বাবা গিয়ে আমাকে নিয়ে আসে। এরপর ইংরেজী ২৬/০৭/২০২৩ তারিখ সকাল ৯ টার সময় আমার স্বামী আমার বাবার বাড়ী অর্থাৎ পার্শ্বলাতে আসে এবং আমাকে অসভ্য ভাষায় গালিগালাজ করতে থাকে। আমার বাবা খারাপ কথা বলতে নিষেধ করলে আমার স্বামী আমার বাবার উপর চড়াও হয় এবং আমার বাবাকেও গালিগালাজ করে ও মারধর করে এবং আমার বাবার সামনেই আমাকে চড় থাপ্পড় মারে। উক্ত ঘটনার বিষয়ে সিমলাপাল হাসপাতালে আমার চিকিৎসা হয়। চিকিৎসার কাজে ব্যাস্ত থাকার জন্য অভিযোগ জানাতে দেরী হল।

উক্ত ঘটনার জন্য যাহাতে উক্ত দোষী ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত হয় এবং যাহাতে তাহারা উপযুক্ত সাজা পায় তাহার বিহীত ব্যবস্থা গ্রহণে মর্জি হয়।

তাং ২৭/০৭/২৩

ইতি

Mallika Sardar
9800392285

Received on 27.07.2023 at 12.15 hrs and started Simlapal PS case No 118/2023 dt 27.07.2023 u/s 498A/506/34 IPC & R/W 3/4 DP Act

SI
INSPECTOR-IN-CHARGE
SIMLAPAL POLICE STATION